তারিখ: ১১ MAR 2017
পৃষ্ঠা: ৩ কলাম: ৬

যুগান্তর



চট্টগ্রাম মিউনিসিপ্যাল মডেল হাইস্কুল অ্যান্ড কলেজ প্রাঙ্গণে বইপড়া উৎসবে শিক্ষার্থীরা যুগান্তর

# চট্টগ্রামে বিশ্বসাহিত্য কেন্দ্রের পুরস্কার পেল ৬ হাজার শিক্ষার্থী

চট্টগ্রাম ব্যুরো

বছরজুড়ে বইপড়া কর্মসূচিতে নিজের উৎকর্ষতার পরিচয় দেয়ার জন্য চট্টগ্রামে ছয় হাজার ৩১৩ জন শিক্ষার্থীকে পুরস্কার দিয়েছে বিশ্বসাহিত্য কেন্দ্র। শুক্রবার সকালে নগরীর সিটি কর্পোরেশন মিউনিসিপ্যাল মডেল হাইস্কুল অ্যান্ড কলেজ প্রাঙ্গণে চসিক মেয়র আ জ ম নাছির উদ্দীন ও বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা সভাপতি অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ অতিথিদের সঙ্গে নিয়ে উৎসবের উদ্বোধন করেন।

মেয়র নাছির বলেন, ছাত্রছাত্রীদের শুধু গতানুগতিক শিক্ষা কার্যক্রমের মাধ্যমে সার্টিফিকেটধারী শিক্ষিত না হয়ে বই পড়ার মাধ্যমে মানবিক গুণাবলী সম্পন্ন মানুষ হতে হবে।

অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ বলেন, মানুষকে যদি মর্যাদা অর্জন করতে হয়, তাহলে অনেক কিছু করতে হবে। তিনি আলাউদ্দিনের দৈত্যের গল্পের উদ্ধৃতি দিয়ে বলেন, তোমাদের প্রত্যেকের ভেতর আলাউদ্দিনের চেরাগের দৈত্যের মতো একজন অসীম ক্ষমতাসম্পন্ন মানুষ বন্দি আছে। সেই দৈত্যকে জাগানোই হল আসল কাজ, যা বইপড়ার মাধ্যমে করা যায়। তোমরা যদি সেই কাজটা করতে পার, তবে বাংলাদেশ একদিন সত্যি সত্যিই শ্রেষ্ঠ দেশ হিসেবে পরিচিত হবে। অতিথিদের

■ পৃষ্ঠা ৭ : কলাম ৭

# চট্টগ্রামে বিশ্বসাহিত্য কেন্দ্রের

(৩য় পৃষ্ঠার পর)

মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত সচিব ও সেকায়েপের প্রকল্প পরিচালক ড. মো. মাহামুদ-উল-হক, চট্টগ্রামের ভারপ্রাপ্ত বিভাগীয় কমিশনার সারওয়ার জাহান, চসিকের প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, লেখক ও সাংবাদিক আবুল মোমেন, লেখক আনিসুল হক, চসিকের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মো. আবুল হোসেন ও চট্টগ্রাম অঞ্চলের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের পরিচালক অধ্যাপক ড. গোলাম ফারুক।

বিশ্বসাহিত্য কেন্দ্রের উদ্যোগে অনুষ্ঠিত চট্টগ্রাম মহানগরীর বইপড়া কর্মসূচির এ পুরস্কার বিতরণ উৎসবে শুক্রবার ৮১টি স্কুলের ছয় হাজার ৩১৩ শিক্ষার্থীর মধ্যে চার হাজার ২৮৬ জনকে পুরস্কার দেয়া হয়। আজ দুই হাজার ২৭ জনকে পুরস্কার দেয়া হবে।